

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ০৮

নভেম্বর ০১, ২০১১  
তারিখ :-----  
কার্তিক ১৭, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতাদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের ব্যাংকিং খাতে অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন পত্র এবং ৳১,৫০,০০০/- (টাকা এক লক্ষ পঞ্চাশ হাজার) পর্যন্ত বীমা পলিসি গ্রহীতাগণ প্রিমিয়াম জমার বই / জীবন বীমা দলিল এর বিপরীতে ৳১০০/- (টাকা এক শত) টাকা জমা প্রদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবে। এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না।

এমতাবস্থায়, ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতাদের ব্যাংকিং সেবা নিশ্চিতকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)  
মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)  
ফোন : ৭১২৫০২১